

চিত্ত পিপাসিত রে
গীতসুধার তরে ॥
তাপিত শুষ্কলতা বর্ষণ যাচে যথা
কাতর অন্তর মোর লুণ্ঠিত ধূলি 'পরে
গীতসুধার তরে ॥
আজি বসন্তনিশা, আজি অনন্ত তৃষা,
আজি এ জাগ্রত প্রাণ তৃষিত চকোর-সমান
গীতসুধার তরে ।
চন্দ্র অতন্দ্র নভে জাগিছে সুপ্ত ভবে
অন্তর বাহির আজি কাঁদে উদাস স্বরে
গীতসুধার তরে ॥

Parjaay: Prem, Taal: Jhaptaal, Raag: Khambaj
Visit www.geetabitan.com for notation and other detail